APPENDIX: 3d

All National Convention of SUC: First Report Published in a Party Pamphlet '*ON THE PATH TO STRUGGLE*' ON MAY DAY 1948



এস ইউ সির সর্ব্বজাতীয় কন্‌ভেনশন্

সোস্যালিষ্ট ইউনিটি সেণ্টারের সর্ব্বজাতীয় কনভেনশন্ গত ২২শে ২৩, ২৪শে এপ্রিল, ১৯৪৮ সাল চব্বিশ পরগণায় জয়নগর মজিলপুরে অনুষ্ঠিত হয়। পশ্চিমবঙ্গ, বিহার, উড়িষ্যা, ইউ, পি, পূর্ব্ব-পাকিস্থান প্রভৃতি বিভিন্ন স্থান হতে ডেলিগেট গণ এই কনভেনশনে যোগদান করেন।

এই কনভেনশন তাহার প্রধান রাজনৈতিক প্রস্তাবে জাতীয় ও আন্তর্জাতিক পরিস্থিতি বিশ্লেষণ করে এই সিদ্ধান্ত গ্রহণ করেন, যে,—

*সমস্ত জগত আজ দুইটী বিরুদ্ধ ও সংঘর্ষশীল শিবিরে বিভক্ত হয়ে গিয়েছে। একদিকে সাম্রাজ্যবাদী ফ্যাসীবাদী গণতন্ত্র বিরোধী শিবির, প্রতিক্রিয়াশীল আমেরিকা এর নেতৃত্ব করছে, অন্যদিকে সাম্রাজ্যবাদ বিরোধী সমাজতান্ত্রিক শিবির প্রগতিশীল শক্তি ও জনগণের স্বার্থের প্রতীক সোভিয়েট রাশিয়া যার নেতৃত্ব দিচ্ছে।

*এই কনভেনশনে সমস্ত জগতের নূতন সামাজিক শক্তিগুলোকে নির্ভুলভাবে বিশ্লেষণ করে সমস্ত খাঁটি সমাজবাদীদের কাছে সমাজতান্ত্রিক সর্ব্বহারা বিপ্লবের প্রস্তুতির জন্য আহ্বান জানান হয় রাজনৈতিক কার্য্য-সূচী হিসাবেও তাই অর্দ্ধসমাপ্ত বুর্জোয়া গণতন্ত্রকে অন্তর্ভূক্ত করে সমাজ-তান্ত্রিক সর্ব্বহারা বিপ্লবের কার্য্যসূচী গৃহীত হয়।

*আর প্রকটী প্রস্তাবে কনভেশন ব্যাপক গণতান্ত্রিক ঐক্যের ভিত্তিতে ভারতের সমস্ত খাটি সমাজবাদীদের ঐক্যবদ্ধ করার কার্য্যসূচী গ্রহণ করে।

*কনভেনশন, ডলার সাম্রাজ্যবাদের প্রতিক্রিয়াশীল অভিযান সম্বন্ধে হুসিয়ারী দিয়ে এক প্রস্তাব গ্রহণ করে।

*ষ্ট্রেড ইউনিয়ন, কৃষক ও ছাত্রআন্দোলনের ধারা সম্বন্ধেও কনভেনশন্ এক প্রস্তাব গ্রহন করে।

*ভারত সরকারের শ্রমনীতির প্রতিবাদ জানিয়ে এক প্রস্তাব গৃহীত হয়।

*পূর্ব্ব-পাকিস্থানে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে দাবী করে যে গণতান্ত্রিক আন্দোলন গড়ে উঠেছে তার প্রতি পূর্ণ আস্থা জানিয়ে এক প্রস্তাব গৃহীত হয়।

*দেশীয় রাজ্যের সামন্ততান্ত্রিক শোষণের বিরুদ্ধে যে প্রজা আন্দোলনের অভিযান চলেছে তাকেও পূর্ণ সমর্থন জানিয়ে প্রস্তাব গৃহীত হয়।

সর্ব্বশেষে কমরেড শিবদাস ঘোষকে সাধারণ সম্পাদক নিযুক্ত করে ১১ জন সভ্য নিয়ে এক নূতন কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়।

All national convention of SUC was held on 22nd to 24th April 1948 at Jaynagar-Majilpur in 24 Parganas. Delegates from different places like West Bengal, Bihar, U.P., East-Pakistan etc. attended the convention.

After analyzing the national and international situation, the convention has resolved in its main political resolution that –

*The whole world has divided into two opposite and conflicting camps. In one side, there has been the Imperialist, Fascist and Anti-democratic camp leading by reactionary America; on the other side, there lies the anti-Imperialist Socialist camp headed by - the symbol of progressive forces and people's interest - Soviet Russia.

* In this convention, after having done the correct analysis of new social forces of the whole world, all genuine socialists have been urged upon to make the preparation of Socialist Proletarian revolution and, accordingly, has accepted the political programme of accomplishing Socialist Proletarian revolution including the half-done bourgeoisie democratic revolution.

* In another resolution, the convention has adopted a resolution on a programme of uniting all genuine socialists of India on the basis of comprehensive democratic consolidation.

* The Convention has passed a resolution on the warning about the reactionary attack of dollar imperialism.

* The convention also accepted a resolution on the trend of trade-union, peasants and students movement.

* On protesting the labour policy of the Government of India, a resolution has also been accepted.

*The convention has adopted a resolution expressing the whole-hearted support in favour of the democratic movement of East Pakistan demanding Bengali as a state language.

*Resolution has also been passed expressing solidarity with the movements against the feudal exploitation in princely states.

At the end, **the convention has constituted a NEW CENTRAL COMMITTEE comprising with 11 MEMBERS selecting Shibdas Ghosh as its general secretary.**